Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-640

বিষয়: স্কুল সম্পত্তিতে ফিল্ম করা

শ্রেণি: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 15 জুন, 2009

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 26 অক্টোবর, 1998 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-640 কে রহিত করে এর স্থলাভিষিক্ত হয়।

পরিবর্তনসমূহ:

এই প্রবিধান নিম্নোল্লিখিত বিষয়সমূহকে হালনাগাদ করে:

- বর্তমান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের সাংগঠনিক এবং নীতিকে প্রতিফলিত করতে।
- ফিল্ম তৈরি করা এবং ফটোগ্রাফির প্রোজেক্ট - উভয় ক্ষেত্রে যে প্রক্রিয়া প্রযোজ্য সেটির ব্যাখ্যা দিতে।
- সকল অনুরোধ অফিস অভ কম্যুনিকেশন অ্যান্ড মিডিয়া রিলেশন্স কর্তৃক অবশ্যই অনুমোদিত হবে সেই ব্যাখ্যা দিতে।
- যেকোন ফিল্ম অথবা ফটোগ্রাফির প্রোজেক্ট করার আগে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশেনের মানসম্মত স্থানের চুক্তি এবং সম্মতির ফর্মসমূহ অবশ্যই কার্যকর করার পরামর্শ প্রদান করতে।

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-640

বিষয়: স্কুল সম্পত্তিতে ফিল্ম করা

শ্রেণি: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 15 জুন, 2009


## সারসংক্ষেপ

ফিল্ম প্রডিউসার, টেলিভিশন শো, কমার্শিয়ালস্, নিউজ ম্যাগাজিন প্রোগ্রাম, অথবা ফিল্মের জন্য ডকুমেন্টারি নিউজ, অথবা স্কুলে, স্কুলের খেলারমাঠে, অথবা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ("ডিপার্টমেন্ট") সম্পদের জন্য অন্যান্য সকলের অনুরোধ অবশ্যই অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়া রিলশন্সে রেফার করতে হবে। অফিস অভ কম্যুনিকেশন্স অ্যান্ড মিডিয়া রিলেশন্স একমাত্র অফিস যাদের এই ধরনের যেকোন অনুরোধের অনুমোদন অথবা প্রত্যাখ্যানের অধিকার আছে।

লাভের জন্য কোন কমার্শিয়ালের ফিল্ম তৈরি কঠোরভাবে নিষিদ্ধ।


## I. প্রেস ব্যতীত স্কুল সম্পত্তিতে ফিল্ম অথবা ফটোগ্রাফি করার অনুরোধ বিবেচনার প্রক্রিয়া

A. প্রযোজক অথবা ফিল্ম মেকার কর্তৃক স্কুলে অথবা স্কুল সম্পত্তির ভিতরে ফিল্ম অথবা ফটোগ্রাফির কোন কাজ করার সকল অনুরোধ, টেলিভিশন অনুষ্ঠান, কমার্শিয়ালস্, নিউজ ম্যাগাজিন প্রোগ্রাম, অথবা ডকুমেন্টারি নিউজ (যা এখানে সামগ্রিকভাবে রেফার করা হয় "প্রযোজক" হিসেবে) অবশ্যই প্রথমে অফিস অভ কম্যুনিকেশন অ্যান্ড মিডিয়া রিলেশন্সে লিখিতভাবে জানাতে হবে।

B. ফিল্মের গল্পের একটি সার-সংক্ষেপ প্রযোজক কর্তৃক জমা দিতে হবে। গল্পটি যদি প্রাথমিকভাবে এবং অধিকাংশ ক্ষেত্রে ডিপার্টমেন্ট, তার শিক্ষার্থী অথবা কর্মীদের নিয়ে হয়, তাহলে অফিস অভ কম্যুনিকেশন অ্যান্ড মিডিয়া রিলশন্স অধিকার রাখে চূড়ান্ত সুটিংয়ের স্ক্রিপ্ট পর্যালোচনার। সকল ফিল্মিংয়ের অনুমোদন একমাত্র ডিপার্টমেন্টের ইচ্ছায় হয়।

C. অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়া রিলশন্স প্রিন্সিপ্যাল, অফিস অভ দ্য জেনারেল কাউন্সিল, এবং অন্যান্য যথাযথ ব্যক্তিবর্গের সাথে স্কুল সম্পত্তিতে করা ফিল্ম অথবা ফটোগ্রাফির অনুরোধ নিয়ে পর্যালোচনা করবে।

D. স্কুল সম্পত্তিতে যেকোন ফিল্মিং বা ফটোগ্রাফির কারণে শিক্ষার্থীদের শিক্ষায় কোন ব্যাঘাত ঘটবে না। সব চেষ্টা করা হবে যাতে যখন ক্লাস এবং পরীক্ষা চলাকালের সময়ে ফিল্মিং অথবা ফটোগ্রাফির দিন এবং ঘণ্টা সীমিত রাখা যায়। ডিপার্টমেন্টের যদি যুক্তিসঙ্গত কারণ থাকে যে, শিক্ষার্থীদের শিক্ষায় ব্যাঘাত ঘটছে বা সেটি ব্যাহত হচ্ছে, তাহলে ডিপার্টমেন্ট যেকোন সময় ফিল্মিং বন্ধ অথবা মূলতুবি করতে পারে।

E. স্কুল চলাকালে স্কুল সম্পত্তিতে ফিল্ম অথবা ফটোগ্রাফি করা শুধু প্রিন্সিপ্যালের লিখিত অনুমোদনেই করা যাবে।

F. যেখানে একটি প্রযোজনার জন্য ডিপার্টমেন্টের একাধিক সম্পত্তির প্রয়োজন হয়, প্রত্যেকটি সম্পত্তির জন্য ভিন্ন ভিন্ন অনুমোদন দরকার হবে। একটি স্থানের ফিল্মিংয়ের অনুমোদন দিয়ে ফিল্মিং দল ডিপার্টমেন্টের অন্য

স্থানে ফিল্মিং করতে পারবে না।

G. যেখানে ডিপার্টমেন্টের সম্পত্তি শেয়ারকৃত স্থান (দুটি বা তার অধিক স্কুল একটি বিল্ডিংয়ে সহ-অবস্থান করে), সেক্ষেত্রে যে স্কুলের শিক্ষার্থী অথবা শিক্ষক ফিল্মিংয়ে সংশ্লিষ্ট হবে সেই স্কুলের প্রিন্সিপ্যালের অনুমতি আবশ্যিক। এক স্কুল সম্পত্তিতে ফিল্মিং অনুমোদন ফিল্মিং ব্যক্তিবর্গের দ্বারা অন্য যেকোন সহ-অবস্থানকারী স্কুলে ব্যবহার করা যাবে না। প্রযোজক সকল প্রিন্সিপ্যালকে ফিল্মিংয়ের আগে তার সময়, তারিখ এবং স্থান সম্পর্কে অবহিত করবেন।

H. প্রযোজনার ব্যক্তিবর্গ জোগাড়ের দায়িত্ব এবং সাইট নির্বাচনের দায়ভার একান্তই প্রযোজকের।

I. প্রিন্সিপ্যালের স্পষ্ট লিখিত অনুমতি ছাড়া কোন ডিপার্টমেন্ট কর্মচারি অথবা শিক্ষার্থীকে ফিল্ম অথবা ফটোগ্রাফ করা যাবে না এবং এছাড়াও স্ব স্ব ডিপার্টমেন্ট কর্মচারি অথবা শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক অনুমতি নিতে হবে। সকল সম্মতির ফর্ম অবশ্যই অফিস অভ দ্যা জেনারেল কাউন্সিল কর্তৃক ফিল্মিংয়ের আগেই অনুমোদিত হতে হবে। যেকোন ফিল্ম অথবা ফটোগ্রাফের ব্যবহার নির্দিষ্ট প্রোজেক্ট এবং সেসম্পর্কিত সমৃদ্ধির জন্য সীমিত থাকবে। যদি কোন প্রযোজক কর্তৃক শিক্ষার্থীরা কোন একটি প্রযোজনার জন্য নিযুক্ত হয়ে থাকে যার সময়সূচি স্বাভাবিক স্কুল সময়ের আগে অথবা পরে, এবং সেটি যদি স্কুল আয়োজিত অনুষ্ঠানের বাইরে হয় অথবা ডিপার্টমেন্টের সাথে সম্পৃক্ত না হয়, সেক্ষেত্রে তার জন্য ক্ষতিপূরণ এবং অনুমতির ব্যবস্থা সরাসরি প্রযোজক এবং শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবকের মধ্যে হবে।

J. ফিল্মিং অথবা ফটোগ্রাফির প্রোজেক্ট অবশ্যই স্কুল এবং তার শিক্ষার্থীর জন্য লাভজনক হওয়া আবশ্যক, যেমন শিক্ষা-সংক্রান্ত উদ্দেশ্যে স্কুলে অনুদান অথবা সরঞ্জাম প্রদান, অর্থবহ ইন্টার্নশিপের ব্যবস্থা অথবা শিক্ষার্থীদের জন্য চলমান মেন্টরিং সুবিধা, ফিল্ম তৈরির বিষয়ে কোন সভা কর্মসূচিতে বক্তা হবার সুযোগ সৃষ্টি, কোন চিত্র তারকা কর্তৃক স্কুল সফর ইত্যাদি। এছাড়াও, ডিপার্টমেন্ট, তার শিক্ষার্থী বা কর্মচারি সম্পর্কিত কোন ডকুমেন্টারি প্রোজেক্টের জন্য, যদি ডকুমেন্টারিটি বাণিজ্যিক লাইসেন্স প্রাপ্ত অথবা বিতরণের উদ্দেশ্য হয়, তাহলে ডিপার্টমেন্টের লাভের জন্য ডিপার্টমেন্ট অর্থ লাভের জন্য আলোচনার অধিকার রাখে।

K. একবার অফিস অভ কম্যুনিকেশন অ্যান্ড মিডিয়া রিলেশন্স থেকে অনুমোদন লাভ করলে, স্থানটি ব্যবহারের জন্য প্রযোজক অবশ্যই প্রয়োজনীয় পারমিট সম্পত্তির কাস্টোডিয়ানের কাছ থেকে সংগ্রহ করবে এবং অবশ্যই প্রযোজ্য অর্থ পরিশোধ করবে - এর অন্তর্ভুক্ত শুরুর খরচ, যা প্রযোজনার লক্ষ্যে ধীরে ধীরে ইচ্ছানুক্রমে ফিচার ফিল্মের ব্যবহার অনুযায়ী ধার্য হবে। নির্দিষ্ট অলাভজনক প্রযোজনা এবং ফিল্ম স্কুল শিক্ষার্থীদের জন্য ফি মওকুফের বিষয়টি বিবেচিত হতে পারে। এছাড়া, একজন প্রযোজক অবশ্যই একটি স্কুলের স্থান তার অংশগ্রহণকারী এবং ফিল্ম ক্রুদের অবস্থানের এলাকা হিসেবে ব্যবহারের জন্য ফি প্রদান করবেন। স্কুলের কোন স্থান হোল্ডিং এরিয়া হিসেবে ব্যবহারের জন্য প্রিন্সিপ্যালের সাথে পরামর্শ অনুযায়ী অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়ি রিলশন্স কর্তৃক অনুমোদিত হবে। প্রত্যেক পারমিট শুধুমাত্র মূল যে সময়ের জন্য অনুমোদন লাভ করেছে সেই সময়ের জন্য বৈধ।

L. একজন প্রযোজককে অবশ্যই ডিপার্টমেন্ট এবং সিটি অভ নিউ ইয়র্ককে বাড়তি ইনসিওরড্ পার্টি হিসেবে একটি বাণিজ্যিক সাধারণ দায়বদ্ধতার ইনসিওরেন্স পলিসিতে অন্তর্ভুক্ত করতে হবে যার ন্যূনতম মূল্য হবে এক মিলিয়ন ($1,000,000.00) ডলার। নির্দিষ্ট ক্ষেত্রে, বাড়তি অংকের পরিমাণও আবশ্যিক হতে পারে যদি অফিস

অভ দ্যা জেনারেল কাউন্সিল সেটি সুপারিশ করে।

M. প্রযোজক এবং ডিপার্টমেন্টের একজন প্রতিনিধি ফিল্মিং শুরু হবার আগে ডিপার্টেমেন্টের মানসম্মত লোকেশন চুক্তিটি অবশ্যই স্বাক্ষর করবেন। লোকেশন চুক্তিটি শুধুমাত্র অফিস অভ জেনারেল কাউন্সিলের সম্মতিক্রমে পরিবর্তিত হতে পারে।

N. ফিল্ম অথবা ফটোগ্রাফে স্কুলের পরিচিতি অথবা স্কুলের নামের ব্যবহার অথবা "নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন" -এসব ব্যবহৃত হবে না, যদি না প্রযোজক এবং ডিপার্টমেন্ট কর্তৃক ফিল্মিংয়ের আগে লোকেশন চুক্তিতে এই অনুমতি স্পষ্টভাবে থাকে।

O. ডিপার্টমেন্টের সম্পত্তিতে থাকাকালে প্রযোজককে আবশ্যিকভাবে সকল প্রয়োজনীয় সুরক্ষা বিধান মেনে চলতে হবে, এর মধ্যে আছে ডিপার্টমেন্ট, সিটি অভ নিউ ইয়র্ক, এবং অন্য প্রযোজ্য সকল সুরক্ষা বিধি। প্রযোজকের খরচে, তার নিজস্ব নিরাপত্তা কর্মী ছাড়াও, প্রিন্সিপ্যাল বাড়তি NYC স্কুল সেফটি কর্মী নিযুক্তির বিষয়টি আবশ্যিক করতে পারেন।

P. স্কুলগুলিতে বাণিজ্যিক ফিল্ম করা অনুমোদিত নয় যদি না সেগুলি জন পরিষেবার ঘোষণার জন্য তৈরি হয় অথবা ডিপার্টেমন্টের লাভের জন্য হয় যেমন শিক্ষক নিযুক্তির প্রচারণা। বাণিজ্যিক ফিল্ম সংজ্ঞায়িত হবে যেকোন ফিল্ম যা প্রচারণা, রাজনৈতিক অথবা বাণিজ্য বৃদ্ধির উদ্দেশ্য, তা সে লাভজনক বা অলাভজনক যাই হোক না কেন।

Q. ডিপার্টমেন্টের শিক্ষার্থী এবং কর্মীদের ডিপার্টমেন্টে পরিষেবা দানের সাথে সংযুক্ত বিষয়ে ফিল্ম অথবা ফটোগ্রাফ করা, যেমন স্কুলের ব্যবহারের জন্য ট্রেনিং ভিডিও তৈরি, অথবা শিক্ষা-সংক্রান্ত অথবা শিল্পবিষয়ের উদ্দেশ্যে তৈরি - উভয় ক্ষেত্রেই অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়া রিলশন্স এবং প্রিন্সিপ্যালের লিখিত অনুমতির প্রয়োজন, এর পাশাপাশি স্ব স্ব ডিপার্টমেন্ট কর্মচারি অথবা শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবকের অনুমতিও দরকার। বাণিজ্যিক অনুমোদনের জন্য ডিপার্টমেন্টের শিক্ষার্থী এবং কর্মীদের ফিল্ম অথবা ফটোগ্রাফ করা যাবে না।

## II. প্রেস কর্তৃক স্কুল সম্পত্তিতে ফিল্ম অথবা ফটোগ্রাফি করার অনুরোধ বিবেচনার প্রক্রিয়া

A. নিয়মিত সংবাদ সংগ্রহের উদ্দেশ্যে স্কুলে ফিল্ম করতে (ফিল্মিং, ফটোগ্রাফি, অথবা ইন্টারভিউ) সংবাদপত্র সংগঠন, প্রযোজক, এবং রিপোটারদের সকল অনুরোধ অবশ্যই প্রথমে অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়া রিলেশন্সে জানাতে হবে। তারপর সংবাদ সংগঠন, প্রযোজক, এবং রিপোর্টারদেরকে অবশ্যই প্রিন্সিপ্যালের অনুমতি নিতে হবে। যদি শিক্ষার্থীদের ফিল্ম করতে হয়, সংবাদ সংগঠন, প্রযোজক এবং রিপোর্টারদেরকে অবশ্যই শিক্ষার্থী রিলিজ ফর্ম নিতে হবে (যা অফিস অভ কম্যুনিকেশনস্ অ্যান্ড মিডিয়া রিলেশন্সের ওয়েবসাইটে লভ্য), এবং সেগুলি পিতামাতা অথবা অভিভাকক কর্তৃক স্বাক্ষরকৃত হবে। শিক্ষার্থী শিক্ষায় অবশ্যই কোন ব্যাঘাত ঘটবে না।

B. ম্যাগাজিন অথবা ডকুমেন্টার প্রোগ্রামসমূহকে অবশ্যই সেকশন I-তে বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

## III. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Communications and Media Relations

N.Y.C. Department of Education

52 Chambers Street

New York, NY 10007

ফোন: 212-374-5141

ফ্যাক্স: 212-374-5584